



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

বিজ্ঞপ্তি

তারিখ : ০৭/১২/২০১৫

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের সকল শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকগণকে জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা সকল প্রশ্নপত্র প্রণেতা (সেটার), পরিশোধক (মডারেটর), পরীক্ষক, প্রধান পরীক্ষক ও নিরীক্ষকদের সম্মানী ডাচ বাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধের সিদ্ধান্ত গ্রহণ করেছে। ফলে এ কাজের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে বা ভবিষ্যতে এ সকল কাজ করতে আগ্রহী সকলকে বর্ণিত কাজের সম্মানী পাওয়ার জন্য ডাচ বাংলা ব্যাংকের মোবাইল একাউন্ট করা অত্যাবশ্যক।

- এ একাউন্ট Free of cost করা যাবে।
- একাউন্ট করতে ১ কপি ছবি ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপিসহ নিকটস্থ ডাচ বাংলা মোবাইল ব্যাংকের এজেন্টের মাধ্যমে করা যাবে অথবা ডাচ বাংলা ব্যাংকের কর্মকর্তা/এজেন্ট সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানে গেলে তার মাধ্যমে করা যাবে।
- ATM ফ্রি প্রোডাক্ট হিসাবে এ মোবাইল একাউন্ট খুলতে হবে।
- আগামী ৩১ ডিসেম্বর/২০১৫ এর মধ্যে একাউন্ট খোলার কাজটি সম্পন্ন করতে হবে।
- মোবাইল ব্যাংক একাউন্ট ছাড়া eTIF পূরণ করা যাবে না।
- ইতোমধ্যে যারা জেএসসি/২০১৫ পরীক্ষার প্রশ্নপত্র প্রণেতা (সেটার), পরিশোধক (মডারেটর), পরীক্ষক, প্রধান পরীক্ষক ও নিরীক্ষকের দায়িত্ব পেয়েছেন তারাও এ একাউন্ট খুলবেন।

মুক্তি

ড. শ্রীকান্ত কুমার চন্দ

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে
কর্মরত সকল প্রতিষ্ঠান প্রধানসহ শিক্ষকবৃন্দ

প্রয়োজনীয় কার্যার্থে:

1. জেলা শিক্ষা কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা।
(তাঁর এলাকাধীন সকল শিক্ষকদের মোবাইল একাউন্ট খোলার বিষয়ে
প্রয়োজনীয় নির্দেশনা এবং ডাচ বাংলা ব্যাংকের এজেন্ট/কর্মকর্তাদের
এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।)

অনুলিপি:

EVP & Head of Financial Inclusion Division
Dutch Bangla Bank Limited.

মুক্তি

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা